পারিবারিক গৃহহীনতা এবং উৎখাতকরণ প্রতিরোধ পরিপূরক (Family Homelessness and Eviction Prevention Supplement, FHEPS) তথ্য পত্র (Bengali)

FHEPS কী?

FHEPS হল সেই সমস্ত পরিবারের জন্য একটি ভাড়া পরিপূরক যারা নগদ সহায়তা (Cash Assistance, CA) পেয়ে থাকেন **এবং** যাদেরকে উত্খাত করা হয়েছে বা উত্খাত করা হবে বা গৃহ সহিংসতার কারণে তাদের গৃহ হারিয়েছেন। যে সমস্ত পরিবার স্বাস্থ্য বা নিরাপত্তার কারণে বা কোনও আদালতের সিদ্ধান্তের ফলাফল হিসেবে তাদের গৃহ হারিয়েছেন, তারাও FHEPS পেতে পারেন

FHEPS আপনার বাড়িতে থাকার জন্য, নিউ ইয়র্ক শহরের মধ্যে কোথাও থাকার জন্য, বা যদি আপনি ইতিমধ্যেই বাড়ি হারিয়ে থাকেন তাহলে বাইরে কোথাও আবাসনের জন্য ব্যবহার করা যেতে পারে

যদি আপনি FHEPS-এর জন্য যোগ্য হন তাহলে আপনার ভাড়ার একটি অংশ FHEPS পরিপূরকের অধীনে চলে আসবে এবং সরাসরি আপনার বাড়িওয়ালাকে দেওয়া হবে। FHEPS পেমেন্টটি, আপনি আপনার CA কেস-এর জন্য যে আবাসন সহায়তা পেয়ে থাকেন, তা বাদে অতিরিক্ত হিসেবে দেওয়া হবে.

যদি আপনি বা আয় করেন এমন কেউ আপনার অ্যাপার্টমেন্ট বা বাড়িতে যিনি আপনার সঙ্গে থাকেন, তাহলে আপনাকে হয়ত আপনার ভাড়ার একটি অংশ নিজেই দিতে হবে।

আমি FHEPS -এর জন্য যোগ্য কিনা তা কিভাবে জানব?

FHEPS -এর জন্য যোগ্য হওয়ার জন্য আপনার পরিবারে অবশ্যই 18 বছরের বা তার চেয়ে কম বয়সী একজন বাচ্চা, 19 বছরের বা তার চেয়ে কম বয়সী একজন বাচ্চা, যিনি সম্পূর্ণ সময়ের জন্য হাই স্কুলে বা বৃত্তিমূলক বা প্রযুক্তিগত কর্মসূচীতে অন্তর্ভুক্ত রয়েছেন বা একজন গর্ভবতী মহিলা থাকতে হবে **এবং** আপনার কাছে অবশ্যই একটি সক্রিয় CA কেস থাকতে হবে **বা** যদি আপনার আবাসন থাকে, তাহলে আবাসন ছাড়ার পর CA -এর জন্য যোগ্য হতে হবে। আপনার অবশ্যই নিম্নলিখিত প্রয়োজনগুলির মধ্যে **একটি** পূরণ করতে হবে:

- আপনি মানবসম্পদ প্রশাসনের (Human Resource Administration, HRA) আবাসনে আছেন,
- আপনি হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (Department of Homeless Services, DHS) এর আবাসনে আছেন এবং HRA আবাসনের জন্য যোগ্য।
- আপনি DHS আবাসনে আছেন এবং এই বছরে আবাসনে প্রবেশ করার আগে কখনও * NYC থেকে উৎখাত করা হয়েছে।
- বর্তমানে আপনাকে NYC থেকে উত্খাত করার প্রক্রিয়া চলছে বা গত 12 * মাসে NYC উত্খাত করা হয়েছে।

উত্খাত করা মানে:

- আপনার বা আপনার বাড়িতে লিজে থাকা ব্যক্তির বিরুদ্ধে উত্খাত প্রক্রিয়া।
- আপনার ভবন বা বাড়ির জন্য একটি প্রতিরোধ পদক্ষেপ।
- শহর এজেন্সি দ্বারা নির্ধারণ করা হয়েছে যে আপনাকে স্বাস্থ্য এবং/বা নিরাপত্তার কারণের জন্য আপনার ভবন বা বাড়ি অবশ্যই ছাড়তে হবে।

আমি কত দিনের জন্য FHEPS পাব?
যোগ্য পরিবাররা পাঁচ বছর পর্যন্ত FHEPS পেতে পারেন। যদি আপনার তারপরও সাহায্যের প্রয়োজন হয় আপনি FHEPS -এর বর্ধিতকরণের জন্য আবেদন জানাতে পারেন। আপনার পরিবারকে অবশ্যই যোগ্যতা প্রয়োজনগুলি পূরণ করতে হবে এবং বর্ধিতকরণের জন্য আপনার কাছে একটি ভাল কারণ আছে তা প্রমাণ করতে হবে।

আমি কিভাবে জানব যে FHEPS আমার বাড়িওয়ালাকে কত টাকা দিতে যাচ্ছে এবং কত টাকা আমাকে দিতে হবে?
বাড়ির FHEPS ভাড়া পরিপূরকের অর্থরাশি আপনার পরিবারের আয় এবং আপনার পরিবারে বসবাসকারী সদস্যের সংখ্যার উপর নির্ভর করবে। আপনার FHEPS আবেদন অনুমোদিত হওয়ার পর এই অর্থরাশিটির ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়।

অনেকগুলি পরিবারের সম্পূর্ণ ভাড়া এবং তাদের CA আবাসন ভাতা FHEPS-এর আওতায় আছে। যদিও, দুটি গুরুত্বপূর্ণ ব্যতিক্রম রয়েছে, যখন আপনি একজন পরিবারের সদস্য থাকবেন তখন আপনাকে আপনার ভাড়ার একটি অংশ হয়ত দিতে হতে পারেঃ

- যদি আপনার বাড়ির কোনও সদস্য CA পেয়ে থাকেন এবং আয় করেন, যেমন কোনও চাকরি থেকে।
- যদি আপনার পরিবারের কোনও সদস্য থাকেন যার CA কেসে থাকার প্রয়োজন নেই, যেমন কোনও সদস্য যিনি SSI পেয়ে থাকেন।

আপনাকে অবশ্যই আপনার বাড়িওয়ালাকে
আপনার বাড়ি ভাড়া ও HRA যা দিয়ে থাকেন তার পার্থক্যের অর্থরাশিটি দিতে হবে।

আমি কিভাবে জানব য়ে আমার কত বড় অ্যাপার্টমেন্ট খোঁজা উচিত?
FHEPS সর্বাধিক ভাড়া ভিত্তিক এবং অ্যাপার্টমেন্টের আকার ভিত্তিক নয়। সর্বাধিক ভাড়ার অর্থরাশি সাধারণত নিম্নলিখিত চার্জের অর্থরাশি হবে (কিছু ব্যতিক্রম প্রযোজ্য হতে পারে):

FHEPS কর্মসূচীর সর্বাধিক ভাড়ার চার্ট‡					(অক্টোবর 2019 অনুসারে)
পরিবারের আকার	**1**	**2**	**3**	**4**	**5**
সর্বাধিক ভাড়া	$1,265	$1,323	$1,580	$1,580	$2,040
পরিবারের আকার	**6**	**7**	**8**	**9**	**10**
সর্বাধিক ভাড়া	$2,040	$2,291	$2,291	$2,639	$2,639

‡ *সর্বাধিক ভাড়া সেই সমস্ত পরিবারের জন্য উপলব্ধ যারা একটি নতুন অ্যাপার্টমেন্টে যাওয়ার জন্য FHEPS ব্যবহার করছেন। সর্বাধিক উপলব্ধ ভাড়া সেই সমস্ত পরিবারের জন্য কম হতে পারে যারা নিজের অ্যাপার্টমেন্টেই থাকার জন্য FHEPS ব্যবহার করছেন।*

অনুগ্রহ করে মনে রাখবেন যে বাড়িওয়ালা আপনার কাছে আইনিভাবে লিজে উল্লিখিত পরিমাণ ছাড়া অন্যকোনো ফী চাইতে পারবেন না। আপনার কোনও রকম পার্শ্ব চুক্তির সাথে সম্মত হওয়া উচিত নয় এবং এরকম কোনও অনুরোধের ব্যাপারে আমাদেরকে অবিলম্বে জানানোর জন্য HRA কে **311** বা **929-221-0043** নম্বরে কল করা উচিত।

আপনি যে বাড়িটি খুঁজে বার করবেন সেখানে অন্তত 12 মাসের জন্য অবশ্যই থাকতে পারা উচিত। লিখিতভাবে একটি চুক্তি বা লিজ যাতে উল্লেখ থাকবে যে আপনি এই বাড়িতে 12 মাসের বেশি সময়ের জন্য থাকতে পারবেন-আপনি আবেদন করার সময় এটি প্রয়োজন। সমস্ত লিজ আপনার এবং আপনার বাড়িওয়ালার মধ্যে হবে। শহর এই লিজের কোনও পক্ষ নয়।

যদি আমার অপরিশোধিত ভাড়া বকেয়া থাকে তাহলে কি আমি এই অ্যাপার্টমেন্টে থাকতে পারব?
যদি অপরিশোধিত ভাড়ার উদ্দেশ্যে পেমেন্ট গ্রহণ করার জন্য হয়ে থাকে, যেটিকে মাঝে মধ্যে "বকেয়া ভাড়াও" বলা হয়, আপনি আপনার অ্যাপার্টমেন্টে অন্তত 12 মাসের বেশি সময়ের জন্য অবশ্যই থাকতে পারবেন এবং আপনার বাড়িওয়ালার পক্ষ থেকে লিখিতভাবে একটি লিজ বা চুক্তি থাকতে হবে।

অ্যাপার্টমেন্টে পরিবারের থাকার যেকোনো মেয়াদের জন্য পরিবারের অপরিশোধিত ভাড়ার অংশ প্রদান করতে একটি যোগ্য পরিবারের পক্ষ হয়ে একটি $9,000 পর্যন্ত FHEPS পেইমেন্ট ইস্যু করা যেতে পারে। যখন প্রথমবার ভাড়া বকেয়া ছিল তখন আপনার পরিবারের ভাড়াটে হওয়ার দরকার ছিল না। যদি $9,000-এর বেশি অর্থরাশির জন্য একটি অনুরোধ করা হয়, তাহলে তা কেস ভিত্তিকভাবে বিবেচনা করা হবে।

FHEPS-এর ব্যাপারে আমার আর কি কি জানা উচিত?
HRA -এর আপনার কেসের পরিবর্তনের ব্যাপারে জানা জরুরী। পরিবর্তন আপনার FHEPS ভাড়া পরিপূরক **হয়ত বৃদ্ধি বা কম করতে** পারে.

যদি নিম্নলিখিতের মধ্যে **কোনও** পরিবর্তন হয় তাহলে আপনাকে **অবশ্যই** HRA কে জানাতে হবে:

- আপনার ভাড়ার পরিবর্তন।
- যে বাড়িওয়ালা বা ব্যক্তিকে আপনি ভাড়া দেন তার পরিবর্তন হলে।
- আপনার CA কেস-এ ব্যক্তির সংখ্যার পরিবর্তন হলে (উদাহরণস্বরূপ, যদি পরিবারে একজন নতুন বাচ্চা আসে)।
- অ্যাপার্টমেন্টে বসবাসকারী লোকেদের আয়ে পরিবর্তন হলে।

যদি, পরিবারের কোনও সদস্য HRA -এর দ্বারা অনুরোধ করা কোনও কাজ না করেন এবং তাদেরকে জরিমানা করা হয়ে থাকে, তাহলে আপনার FHEPS পরিপূরকের অর্থরাশি পরিবর্তন হতে পারে। **

> *** যদি একজন পরিবারের সদস্যকে জরিমানা করা হয়, তখন পরিবারের অনুদান CA এবং আবাসনের ভাতা কমে যাবে। যদি জরিমানা করা হয় তাহলে আপনার FHEPS পরিপূরকও কমে যাবে। আপনাকে সরাসরি বাড়িওয়ালাকে সেই অর্থরাশি প্রদান করতে হবে যা আবাসন ভাতা এবং FHEPS পরিপূরকে কম করে দেওয়া হয়েছে, যত সময়ের জন্য জরিমানা বজায় থাকবে।*

FHEPS ভাড়া পরিপূরক অর্থরাশি **বন্ধ হয়ে যাবে**, যদি নিম্নলিখিতের **মধ্যে একটি** হয়:

- আপনার পরিবারের আর কোনও CA কেস নেই।
- আপনার পরিবারের আর 18 বছরের কম বয়সী বাচ্চা বা 19 বছরের কম বয়সী বাচ্চা নেই যারা সম্পূর্ণ সময়ের ছাত্র বা ছাত্রী এবং নিয়মিতভাবে সেকেন্ডারি স্কুল বা তার সমান স্তর বা বৃত্তিমূলক বা প্রযুক্তিগত প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকে।

এই পরিবর্তনগুলির যেকোনটির জন্য আপনাকে 10 দিনের মধ্যে অবশ্যই HRA কে জানাতে হবে। এই পরিবর্তনগুলি আপনার আবাসন ভাতার পরিমাণ, FHEPS সুবিধা বা FHEPS যোগ্যতাকে পরিবর্তন করতে পারে।

আমার মনে হয় যে আমি FHEPS-এর জন্য যোগ্য, এর পর আমি কি করব?
যদি আপনি কোনও আবাসনে না থাকেন এবং আপনি উৎখাত বা গৃহহীনতার ঝুঁকিতে রয়েছেন তাহলে আপনি **311**নম্বরে FHEPS প্রদানকারীকে কল করতে পারেন।

যদি আপনি আবাসনে থাকেন, আপনি FHEPS প্রদানকারী বা আবাসন বাড়ির বিশেষজ্ঞ/কেস ম্যানেজার আরও বিস্তৃতভাবে FHEPS -এর ব্যাপারে বোঝাবে এবং একটি অ্যাপার্টমেন্ট খোঁজার জন্য আপনাকে সাহায্য করবেন।

আবাসনে বসবাসকারী পরিবার যাদের FHEPS–এর জন্য অনুমোদিত হয়েছেন, তারা আসবাবের ভাতার জন্য যোগ্য হতে পারেন। সরানোর সহায়তা পাওয়ার জন্য আপনাকে আপনার কেস ম্যানেজারের সাথে কাজ করা উচিত। বাড়িওয়ালা প্রথমেই এক মাসের সম্পূর্ণ ভাড়া এবং অতিরিক্ত তিন মাসের ভাড়া পরিপূরক পাবেন। বাড়িওয়ালা একটি সিকিউরিটি ভাউচারও পাবেন।

আমার ইতিমধ্যে একটি FHEPS অ্যাপার্টমেন্ট আছে, কিন্তু আমার সাহায্যের প্রয়োজন। আমি কাকে ফোন করতে পারি?
যে সমস্ত পরিবার উত্খাতের ঝুঁকিতে রয়েছেন এবং DHS আবাসন ছেড়ে দিয়েছেন এবং সাহায্যের দরকার তারা হোমবেস গৃহহীনতা প্রতিরোধ কার্যালয় খোজার জন্য **311** নম্বরে বা **929-221-0043** নম্বরে কল করতে পারেন।

যে সমস্ত পরিবার HRA আবাসন ছেড়ে দিয়েছেন তাদেরকে তাদের স্থানীয় সমাজ-ভিত্তিক অনাবাসিক কর্মসূচীর সঙ্গে সংযুক্ত হওয়ার জন্য **929-221-7270** -এ কল করতে হবে।

এই কর্মসূচীর বিবরণের তথ্যটি FHEPS ভাড়া পরিপূরকের ব্যাপারে একটি সাধারণ সংক্ষিপ্তসার প্রদান করে। এটি কর্মসূচীর পরিচালনার সম্পর্কিত সম্পূর্ণ বিবরণ প্রদান করার জন্য তৈরি করা হয় নি।